## 2020/EVEN/SEM/BNGL-401/009

স্নাতক যুগ্ম ষাণ্মাসিক পরীক্ষা, ২০২০

বাংলা

( আধুনিক ভারতীয় ভাষা )

( চতুর্থ ষাণ্মাসিক )

পাঠক্রম নং : BNGL-401

( বাংলা কথা সাহিত্য ও ভাষা )

( কলা / বিজ্ঞান / বাণিজ্য বিভাগ )

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

[ বিভিন্ন শাখার ছাত্র-ছাত্রীরা তাদের শাখা অনুযায়ী প্রশ্নের উত্তর করবে ]

( কলা বিভাগের ছাত্র-ছাত্রীদের জন্য )

১। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও :

(ক) 'শ্রীকান্ত' উপন্যাসে সর্বমোট কয়টি খণ্ড আছে? 'শ্রীকান্ত' উপন্যাসটি পত্রিকায় প্রকাশকালে শরৎচন্দ্র কী ছদ্মনাম ব্যবহার করেছিলেন? প্রথম খণ্ডটি কোন্ পত্রিকায়, কত সালে প্রকাশিত হয়েছিল? প্রখ্যাত এক সমালোচকের মতে, " 'শ্রীকান্ত' উপন্যাসে লেখকের আত্মপ্রক্ষেপ ঘটেছে।" এই মন্তব্যের আলোকে আত্মজীবনীমূলক উপন্যাস হিসাবে 'শ্রীকান্ত—১ম পর্ব' উপন্যাসের সার্থকতা আলোচনা করো। ১+১+(১+১)+১০=১৪

(খ) পিয়ারী বাঈয়ের প্রকৃত নাম কী? তার বাড়ি কোথায়? "শ্রীকান্তকে আশীর্বাদ করলুম বটে, কিন্তু তোমাকে আশীর্বাদ করি, সে সাহস আমার হয় না। তুমি মানুষের আশীর্বাদের বাইরে।" 'শ্রীকান্ত' উপন্যাসে কে, কার সম্পর্কে এই উক্তি করেছেন? উক্তিটির আলোকে উক্তিকারিণীর চারিত্রিক বৈশিষ্ট্য আলোচনা করো। ১+১+২+১০=১৪

(গ) মধ্য বাংলার স্তর কয়টি ও কী কী? এই উপস্তরগুলোর স্থিতিকাল নির্দেশ করো। অন্ত-মধ্য-বাংলার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো। (১+২)+১+১০=১৪

(ঘ) বাংলা শব্দভাণ্ডারকে কয়টি ভাগে ভাগ করা হয়েছে? মৌলিক শব্দভাণ্ডার কয়টি ভাগে বিভক্ত ও কী কী? বাংলা শব্দভাণ্ডার সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ১+(১+২)+১০=১৪

২। টীকা লেখো (যে কোনো তিনটি) : ৪×৩=১২

(ক) মাগধী প্রাকৃত

(খ) চলিত ভাষা

(গ) রাঢ়ী উপভাষা

(ঘ) ইন্দ্রনাথের মাছ শিকারের বর্ণনা

(ঙ) পিসিমা ('শ্রীকান্ত')



WWW.SRCOLLEGE.AC.IN

৩। (ক) সাধুভাষা কাকে বলে? সর্বনাম ও ক্রিয়াপদের ক্ষেত্রে সাধু চলিতের পার্থক্য নির্ণয় করো। ৫

অথবা

(খ) চলিত ভাষায় রূপান্তরিত করো : ৫

"ঝিঁঝির শব্দ এমনই একটানা বিরামহীন যে থাকিয়া থাকিয়া আপনা হইতে তাহার শুনিবার অনুভূতি বিরাম নেয়। চেষ্টা করিয়াও আর যেন ডাক শোনা যায় না। ঘরের পিছনে নিমগাছটার পাতায় সহসা বাতাস দীর্ঘশ্বাস ফেলিয়া যায়, শুকনো আমপাতাগুলি উঠানের এক পাশ হইতে অন্য পাশে উড়িয়া যাওয়ার সময় যেন তাহার প্রতিধ্বনি করে। দূরে শিয়াল ডাকিয়া ওঠে। তাহাদের আর্তকণ্ঠ নীরব হইবার পর বহুক্ষণ অবধি গ্রামের কুকুরগুলির চিৎকার থামিতে চায় না। কাছেই কোথায় একটা প্যাঁচা বীভৎস চিৎকারে রাত্রিকে কয়েক মুহূর্তের জন্য কদর্য করিয়া তোলে। খানিক পরে অদূরে বড়ো রাস্তায় গোরুর গাড়ির ক্যাঁচক্যাঁচ শব্দ ওঠে, গোরুর গলার বাঁধা ঘণ্টার আওয়াজ শোনা যায়।"

৪। (ক) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি গৃহীত বাংলা বানান রীতির পাঁচটি বৈশিষ্ট্য উদাহরণ সহযোগে আলোচনা করো। ৫

অথবা

(খ) শুদ্ধ করে লেখো (যে কোনো পাঁচটি) : ৫

মূহূর্ত; মধূসূদন; শান্তনা; বাল্মিকী; শারিরিক; বন্দপাধ্যায়।

( বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীদের জন্য )

১। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও :

(ক) 'আরোগ্য নিকেতন' উপন্যাসে জীবনমশায়ের বাবার নাম কী ছিল? কিশোর বয়সে জীবনমশায় কোন্ স্কুলে পড়তেন? তাঁর সহপাঠীরা তাঁকে কী নামে ডাকতো? উপন্যাসে জীবনমশায়ের চরিত্রটির উপর আলোকপাত করো। ১+১+১+১১=১৪

(খ) 'আরোগ্য নিকেতন' উপন্যাসের আরোগ্য নিকেতন কেন্দ্রটি কোন্ গ্রামে অবস্থিত? এর নামকরণ কে করেছিলেন? জীবনমশায় আয়ুর্বেদ শাস্ত্রের কোন্ শাখায় দক্ষ ছিলেন? 'আরোগ্য নিকেতন' উপন্যাসে নবীন-প্রবীণের যে দ্বন্দ্ব পরিলক্ষিত হয় তা আলোচনা করো। ১+১+১+১১=১৪

(গ) 'নিশীথে' গল্পে জমিদারের নাম কী? তাঁর বাড়ি কোথায় ছিল? তাঁর দ্বিতীয়া স্ত্রীর নাম কী ছিল? 'নিশীথে' গল্পটিকে অতিপ্রাকৃত গল্প বলা যায় কিনা, আলোচনা করো। ১+১+১+১১=১৪

(ঘ) যজ্ঞেশ্বরের মেয়ের নাম কী ছিল? তাকে কে বিয়ে করতে চেয়েছিল এবং তার পিতার নাম কী? গল্পটিতে যজ্ঞ পণ্ড করার কাহিনিটি বর্ণনা করো। ১+২+১১=১৪



WWW.SRCOLLEGE.AC.IN

২। যে কোনো একটি বিষয়ে নাতিদীর্ঘ নিবন্ধ রচনা করো : ১৪

(ক) মহাকাশ অভিযানের তাৎপর্য

(খ) নদী সংরক্ষণ

(গ) তোমার জীবনের আদর্শ বিজ্ঞানী

(ঘ) জৈব মারণাস্ত্র ও মানবসভ্যতা

৩। টীকা লেখো (যে কোনো দুটি) : ৪×২=৮

(ক) 'আরোগ্য নিকেতন' উপন্যাসে রঙ্গলাল ডাক্তার

(খ) 'আপদ' গল্পের সতীশ

(গ) 'আরোগ্য নিকেতন' উপন্যাসের বাজার

(ঘ) ডিটেকটিভ



WWW.SRCOLLEGE.AC.IN

( বাণিজ্য বিভাগের ছাত্র-ছাত্রীদের জন্য )

১। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও :

(ক) কত খ্রিস্টাব্দে প্রেমেন্দ্র মিত্রের জন্ম হয়েছিল? প্রেমেন্দ্র মিত্রের প্রথম প্রকাশিত গল্পের নাম কী? 'শৃঙ্খল' গল্পের ভূপতি কী কাজ করতো? ভূপতির স্ত্রীর নাম কী? 'শৃঙ্খল' গল্পে দাম্পত্য জীবনের যে ছবি লেখক এঁকেছেন সে সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত করো।
১+১+১+১+১০=১৪

(খ) 'স্টোভ' গল্পের নায়কের নাম কী? 'পুন্নাম' গল্পটি প্রেমেন্দ্র মিত্রের কোন্ গল্পগ্রন্থের অন্তর্গত? প্রেমেন্দ্র মিত্র কোন্ পত্রিকাগোষ্ঠীর লেখক ছিলেন? "অসুখ আর কিছুতেই সারে না।"—কার অসুখের কথা বলা হয়েছে? 'পুন্নাম' গল্পের বিষয়বস্তু আলোচনা করে নামকরণের সার্থকতা বিচার করো। ১+১+১+১+১০=১৪

(গ) 'তেলেনাপোতা আবিষ্কার' গল্পটি প্রেমেন্দ্র মিত্রের কোন্ গল্পগ্রন্থের অন্তর্গত? এই গল্পের নারীচরিত্রটির নাম কী? মহানগর থেকে তেলেনাপোতার দূরত্ব কত? তেলেনাপোতা যেতে তিন বন্ধু কী গাড়িতে উঠবেন? গল্পটির ভাবসৌন্দর্য বিশ্লেষণ করো। ১+১+১+১+১০=১৪

(ঘ) 'শুধু কেরানী' গল্পের পাত্র-পাত্রীর কোনো নাম দেওয়া হয়নি কেন? গল্পটি কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল? 'শুধু কেরানী' নামকরণটি কী তাৎপর্য বহন করছে, আলোচনা করো। ২+১+১১=১৪



WWW.SRCOLLEGE.AC.IN

২। সারাংশ লেখো : ৬

"ব্যাবসা-বাণিজ্যের অবস্থার উপরও টাকার গতিশীলতা অনেকটা নির্ভর করে। ব্যাবসা-বাণিজ্যের অবস্থা যখন ঊর্ধ্বমুখী, তখন সকল মানুষকে অধিকতর উদার হইতে দেখা যায়। নানাবিধ পণ্য প্রস্তুত করিয়া দেশের সম্পদ গড়িয়া তুলিবার ভার যাহারা লইয়াছে, তাহারা যখন অপেক্ষাকৃত নির্ভয়ে অর্থ ব্যয় করিয়া নিজেদের ব্যবসায় ও কারবার সম্প্রসারণ করিতে প্রবৃত্ত হয়, তখন তাহাদের নিয়োজিত শিল্পী ও শ্রমিক সকলেই সেই অর্থের ফলভোগী হইবার সুযোগ লাভ করে। এবং মানুষের ব্যয়-বিমুখতা অনেকটা হ্রাসপ্রাপ্ত হয়। পক্ষান্তরে ব্যাবসা-বাণিজ্যের গতি অধোমুখী হইলেই একটা ভীতি ও নিরাশার সঞ্চার হয়। এবং সন্ত্রাসের ফলে চারিদিকে এইরূপ ব্যয়সঙ্কোচ আরম্ভ হয় যে তখন অর্থের ব্যবহার অত্যন্ত হ্রাসপ্রাপ্ত হয়। যে অর্থ একটা নির্দিষ্ট সময়ের মধ্যে পঞ্চাশ হাত ঘুরিয়া পঞ্চাশটি কার্য সম্পন্ন করিতেছিল তাহা হয়ত একই ব্যক্তির হাতে আবদ্ধ হইয়া পড়ে। ইহার ফল ব্যাবসা-বাণিজ্যের পক্ষে আরও ক্ষতিকর হইয়া দাঁড়ায়।"

৩। যে কোনো **একটি** বিষয়ে রচনা লেখো : ১৬

(ক) নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধি ও তার প্রতিকার

(খ) বরাকের পাটি-শিল্প

(গ) বাণিজ্য শিক্ষার প্রয়োজনীয়তা

(ঘ) মুক্ত বাণিজ্য ও ভারতবর্ষ

(ঙ) ক্ষুদ্র শিল্পের উন্নয়নে ব্যাঙ্কের ভূমিকা

★ ★ ★



WWW.SRCOLLEGE.AC.IN